দৈনিক খবর
তারিখ 16 NOV 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

07

প্রতিরোধ নেটওয়ার্ক ও ছাত্র ঐক্য ফোরামের সমাবেশ

# বিশ্ব ব্যাংক উন্নত বিশ্বের পরিত্যক্ত ও অকেজো প্রযুক্তি বাংলাদেশের ওপর চাপিয়ে দিচ্ছে

।। স্টাফ রিপোর্টার ।।

বিশ্ব ব্যাংকের তৎপরতার বিরুদ্ধে প্রতিরোধ নেটওয়াক আয়োজিত প্রতিবাদ সমাবেশ থেকে বক্তারা বলেছেন, উন্নত বিশ্বের পরিত্যক্ত এবং অকেজো প্রযুক্তি ও পরিকল্পনা বাংলাদেশে চাপিয়ে দিয়ে গিনিপিগ হিসেবে ব্যবহার মুক্তিকামী জনগণ কখনও বরদাশ্‌ত করবে না।

বিশ্ব ব্যাংকের আঞ্চলিক দফতরের সামনে বিক্ষোভ প্রদর্শনের লক্ষ্যে গতকাল রোববার সকালে একটি বিক্ষোভ মিছিল নিয়ে অগ্রসরের প্রাক্কালে পুলিশ শাহবাগের মোড়ে বাধা প্রদান করে। এর পরে পুনরায় ফিরে এসে জাতীয় যাদুঘরের সামনে প্রতিরোধ নেটওয়ার্ক এই বিক্ষোভ সমাবেশ করে।

সমাবেশে বক্তব্য রাখেন অধ্যাপিকা লতিফা আকন্দ, ফরিদা আখতার, জাহানারা জামান, হোসনে আরা মনু, সীমা দাস সীমু ও গীতা চক্রবর্তী।

নারী স্বাস্থ্যের প্রজনন প্রযুক্তির অপপ্রয়োগ 'প্রতিরোধ নেটওয়ার্ক' এর বক্তারা অভিযোগ করে বলেন, বিশ্ব ব্যাংকের মদদপুষ্ট আমেরিকাসহ সাম্রাজ্যবাদী দেশসমূহ স্বাস্থ্য উপযোগী নয় এমন মারাত্মক ক্ষতিকর গর্ভনিরোধক ব্যবস্থা আমাদের দেশে চাপিয়ে দিচ্ছে যা পুরো নারী সমাজের অস্তিত্বের প্রতি হুমকি হয়ে দাঁড়িয়েছে। জনসংখ্যা নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনার ব্যানারে সাহায্যের নামে বিশ্ব ব্যাংক পুরো দেশকে বিদেশী বাণিজ্যের চারণ ক্ষেত্রে পরিণত করেছে।

২ এর পাতায় দেখুন




বিশ্বব্যাংকের কর্মতৎপরতার প্রতিবাদে গতকাল প্রতিরোধ নেটওয়ার্ক আয়োজিত সমাবেশ শেষে মহিলাদের একটি মিছিল নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে —খবর

# বিশ্ব ব্যাংক উন্নত বিশ্বের

প্রথম পৃষ্ঠার পর

এছাড়া সুপরিকল্পিতভাবে উন্নত প্রজনন প্রযুক্তির পার্শ্ব প্রতিক্রিয়ায় গ্রামের স্বল্প শিক্ষিত ও সংখ্যাগরিষ্ঠ অক্ষরজ্ঞানহীন সহজ সরল নারী সমাজ এক অনিশ্চিত বিবাদের হুমকির সম্মুখীন হচ্ছে।

বক্তারা বিশ্ব ব্যাংকের অবৈধ খবরদারী ও যথেচ্ছা প্রেসক্রিপশনের তীব্র প্রতিবাদ ও নিন্দা জানিয়ে বলেন, আমরা গরীব দেশের বাসিন্দা হলেও নিজস্ব স্বকীয়তা নিয়ে স্বাধীনতা, সার্বভৌমত্বকে সমুন্নত রেখে স্বাবলম্বী জাতি হিসেবে বাঁচতে চায়। সমাবেশ থেকে দেশে প্রচলিত ও আমদানীকৃত স্বাস্থ্য অনুপযোগী প্রজনন প্রযুক্তি বন্ধ করার জন্য সরকারের প্রতি দাবীজানান।

ছাত্র ঐক্য ফোরাম

এ ছাড়া শাহবাগের মোড়ে দুপুর ১২টায় বিশ্ব ব্যাংকের স্বেচ্ছাচারীতার বিরুদ্ধে ছাত্রঐক্য ফোরাম অপর এক বিক্ষোভ সমাবেশ করে। মোশরেফা মিশুর সভানেত্রীত্বে এই সমাবেশে জাহেদুল ইকবাল খান, বদরুল আলম, শফিকুল ইসলাম, মুখলেসুর রহমান, মহিউদ্দিন লাতুল বক্তৃতা করেন। বক্তারা বিশ্ব ব্যাংকের প্রেসিডেন্ট লুই টি প্রেস্টনের বাংলাদেশে আগমন এক অশুভ পদধ্বনি উল্লেখ করে বলেন, 'জাতির উপর ভর করে কোন রাহু শক্তির গণবিরোধী পদক্ষেপ বাংলার মুক্তিকামী ছাত্র সমাজ বরদাশ্‌ত করবে না। বক্তারা প্যাড এ্যাকশন প্রোগ্রাম বাতিল, ঢালাও শ্রমিক ছাঁটাই ও বিরাষ্ট্রীয়করণ প্রথা বন্ধের দাবী জানান।